



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৮

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯  
২০ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

বৃহদাঙ্ক ঋণ সম্পর্কিত বিবরণী (Form L) দাখিল প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে ৩০ মার্চ ২০২২ তারিখের ডিওএস সার্কুলার নং-০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোল্লিখিত সার্কুলারের মাধ্যমে নতুনভাবে প্রণীত Form L মোতাবেক প্রতি মাসের বৃহদাঙ্ক ঋণের বিবরণীর সফটকপি ও হার্ডকপি এবং ব্যাংকের পরিচালনা পর্ষদ সভার এতদসংশ্লিষ্ট কার্যবিবরণী ও Internal Credit Risk Rating System গাইডলাইন্স-এ সংযুক্ত Detailed Management Report (Annexure-1)-এর হার্ডকপি সংশ্লিষ্ট মাস শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এ বিভাগে দাখিল করার জন্য তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশ প্রদান করা হয়। এছাড়া, শূন্য বিবরণী দাখিলের ক্ষেত্রে Form L-এর Loan Overview of the Bank, Sector-wise Loan and Large Loan Concentration ও Nonconforming Exposure সংক্রান্ত ছক পূরণ করে দাখিল করতে হবে মর্মেও নির্দেশনা প্রদান করা হয়।

৩। এক্ষণে বৃহদাঙ্ক ঋণ বিবরণী (Form L) দাখিলের সময়সীমা প্রতি মাস সমাপনান্তে পরবর্তী মাসের ১০ তারিখের পরিবর্তে ১৫ তারিখের মধ্যে দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। ব্যাংকসমূহের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা সুদৃঢ়করণ, ঋণ কেন্দ্রীকরণ ঝুঁকি হ্রাসকরণ ও বৃহদাঙ্ক ঋণ তদারকি কার্যক্রম সুসংহতকরণের লক্ষ্যে প্রতিটি তফসিলি ব্যাংকে বৃহদাঙ্ক ঋণ বিবরণী (Form L) প্রস্তুত ও তা বাংলাদেশ ব্যাংকে প্রেরণের লক্ষ্যে একটি পৃথক 'বৃহদাঙ্ক ঋণ মনিটরিং ইউনিট' গঠন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় বাংলাদেশ ব্যাংককে প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)  
পরিচালক (ডিওএস)  
ফোন: ৯৫৩০০৯৩